অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট জুড়ে জলের পরিকাঠামো প্রকল্পগুলির জন্য প্রায় 70 মিলিয়ন ডলার তহবিল প্রদান করার ঘোষণা করেছেন

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট, সেন্ট্রাল, লং আইল্যান্ড, মিড-হাডসন, মোহাক ভ্যালি, নর্থ কান্ট্রি, সাউদার্ন টায়ার এবং পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলে প্রকল্পগুলি অবস্থিত

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (New York State Environmental Facilities Corporation) 11টি পৌরসভাকে জলের গুণমান রক্ষা বা উন্নত করার জন্য গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পগুলিকে অগ্রসর করতে সাহায্য করার জন্য প্রায় 70 মিলিয়ন ডলার অনুমোদন করেছে। এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) বোর্ড অফ ডিরেক্টরস দ্বারা অনুমোদিত স্বল্পমেয়াদী অর্থায়ন এবং পূর্বে ঘোষিত অনুদান স্থানীয় সরকারগুলিকে গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির জন্য কাজ শুরু করতে সাহায্য করার জন্য মূলধন সরবরাহ করবে। বোর্ড বেশ কয়েকটি দীর্ঘমেয়াদী অর্থায়নের রূপান্তর অনুমোদনও করেছে যা সম্পূর্ণ করা প্রকল্পগুলির জন্য সুদের ত্রাণ প্রদান করে এবং পৌরসভাগুলির জন্য ঋণ হ্রাস করে।

আজ ঘোষিত প্রকল্পের তহবিলের মধ্যে, প্রায় 40 মিলিয়ন ডলারের আর্থিক সহায়তা একটি জল দূষণ নিয়ন্ত্রণ প্লান্ট এবং পাম্প স্টেশন আপগ্রেড করার জন্য মোহাক ভ্যালিতে ওনেইডা কাউন্টির জন্য 352 মিলিয়ন ডলারের প্রকল্পকে সমর্থন করবে।

"আমাদের রাজ্যের জলের পরিকাঠামোর উন্নতিতে বিনিয়োগের মাধ্যমে, আমরা আমাদের প্রাকৃতিক সম্পদ রক্ষা করার পাশাপাশি আঞ্চলিক বৃদ্ধি এবং সমৃদ্ধির ভিত্তি স্থাপন করছি," **গভর্নর হোকল বলেন।** "এই তহবিল নিশ্চিত করতে সাহায্য করে যে খরচ একটি বাধা হবে না যখন রাজ্য জুড়ে সম্প্রদায়গুলি গুরুত্বপূর্ণ পরিকাঠামোর আপগ্রেড সহ চিকিৎসার ব্যবস্থার আধুনিকীকরণ চালিয়ে যাচ্ছে - যা নিউ ইয়র্কের জন্য একটি সবুজ, স্বাস্থ্যকর ভবিষ্যতের সূচনা করতে সহায়তা করে।"

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের (Environmental Facilities Corporation) প্রেসিডেন্ট ও সিইও মৌরিন এ. কোলম্যান বলেন, "গভর্নর হোকল এই স্থানীয় সম্প্রদায়গুলির হাতে তহবিল এবং সংস্থান পৌঁছে দিয়ে রাজ্যকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তাদের গুরুত্বপূর্ণ জল এবং নিকাশী ব্যবস্থার আপগ্রেড এবং রক্ষণাবেক্ষণে সহায়তা করে।

অনুমোদিত প্রকল্পগুলির মধ্যে বেশ কয়েকটি EFC-র থেকে প্রাপ্ত অনুদান সহ একটি ইঞ্জিনিয়ারিং রিপোর্ট তৈরির জন্য শুরু হয়েছিল। গভর্নর হোকলকে ধন্যবাদ, এই রাউন্ডের ইঞ্জিনিয়ারিং প্ল্যানিং গ্রান্ট ফান্ডিংয়ের জন্য একত্রিত তহবিল অ্যাপ্লিকেশনের মাধ্যমে বর্তমানে 3 মিলিয়ন ডলার পর্যন্ত উপলব্ধ। EFC সেই সব পৌরসভাগুলিকে, যারা তাদের জলের গুণমান পরিকাঠামো প্রকল্পের পরিকল্পনা করছে, তাদের উৎসাহিত করে আবেদন করার মাধ্যমে এই সুযোগের সুবিধা নিতে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (Department of Environmental Conservation) কমিশনার এবং EFC বোর্ডের চেয়ার বাসিল সেগোস বলেছেন, "জলের পরিকাঠামোর আপগ্রেড এবং উন্নতির জন্য গভর্নর হোকলের চলমান প্রতিশ্রুতিগুলি শক্তিশালী এবং স্বাস্থ্যকর সম্প্রদায় তৈরি করছে এবং রাজ্য জুড়ে চাকরি তৈরি করছে। এই অর্থায়নের মাধ্যমে, আমরা নিউ ইয়র্কের সমস্ত পৌরসভার কাছে একটি দৃঢ় বার্তা পাঠাচ্ছি যে আমরা জলের পরিকাঠামোর উন্নতিগুলিকে অগ্রাধিকার দেওয়া অবিরত রাখব যাতে নিশ্চিত করা যায় যে সম্প্রদায়গুলির কাছে তাদের প্রয়োজনীয় সেই সব সংস্থান রয়েছে যা তাদের পুরোনো জলের ব্যবস্থাগুলিকে প্রতিস্থাপন এবং আধুনিকীকরণ করতে এবং জলের গুণমান উন্নত করতে প্রয়োজন।"

রাজ্য স্বাস্থ্য কমিশনার ডাঃ মেরি টি. বাসেট বলেছেন, "নিউ ইয়র্ক সম্প্রদায়ের জন্য বিশুদ্ধ জলের অ্যাক্সেস প্রসারিত করে এমন বিনিয়োগগুলি - আমাদের পরিবেশকে বর্জ্য জল থেকে রক্ষা করার সাথে - স্বাস্থ্যকর পরিবেশের প্রচার এবং জনস্বাস্থ্য রক্ষার জন্য রাজ্যের প্রচেষ্টার গুরুত্বপূর্ণ উপাদান। নিউ ইয়র্কের জলের পরিকাঠামো শক্তিশালী করার প্রতি তার অঙ্গিকারবদ্ধতার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই, এবং আমি এই গুরুত্বপূর্ণ কাজে এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের এবং পরিবেশ সংরক্ষণ বিভাগের সাথে স্বাস্থ্য বিভাগের (Department of Health) অব্যাহত অংশীদারিত্বের জন্য উন্মুখ।"

সেক্রেটারি অফ স্টেট রবার্ট জে. রদ্রিগেজ বলেছেন, "জল পরিকাঠামো টেকসই সম্প্রদায় উন্নয়নের ভিত্তি। গভর্নর হোকলের বুদ্ধিমান পরিকাঠামোর বিনিয়োগগুলি স্থানীয় অর্থনীতিকে সমর্থন করে, বিনোদনের সুযোগ প্রদান করে, মাছ ও বন্যপ্রাণীর আবাসস্থল টিকিয়ে রাখে এবং আমাদের দৈনন্দিন অভিজ্ঞতাকে সমৃদ্ধ করে। এই বিনিয়োগগুলি নিশ্চিত করবে যে নিউ ইয়র্কবাসীদের বহু প্রজন্ম নিরাপদ পানীয় জল এবং একটি বিশুদ্ধ পরিবেশ উপভোগ করবে, পাশাপাশি সম্প্রদায়ের পুনরুজ্জীবনে অবদান রাখবে এবং স্থানীয় সরকারগুলিকে কিছু আর্থিক চাপ থেকে মুক্তি দেবে।"

সিনেটর চার্লস শুমার বলেছেন, "নিউ ইয়র্ক জুড়ে এই প্রকল্পগুলির জন্য ফেডারেল তহবিল সরবরাহ করতে পেরে আমি গর্বিত, ওনেইডা কাউন্টির জল দূষণ নিয়ন্ত্রণ প্লান্টের গুরুত্বপূর্ণ আপগ্রেড থেকে লং আইল্যান্ডে আরো পরিষ্কার পানীয় জল পর্যন্ত। এই ফেডারেল ডলারগুলি সরাসরি নিউ ইয়র্কের পরিবারগুলির জনস্বাস্থ্য রক্ষার উদ্দেশ্যে ব্যয় হবে, এবং আমি আমাদের জলের ব্যবস্থাকে প্রবাহিত রাখতে, চাকরির বৃদ্ধি করতে এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ ও সুস্থ রাখতে আপ্রাণ লড়াই চালিয়ে যাব।"

প্রতিনিধি শন প্যাট্রিক ম্যালোনি বলেছেন, "আমাদের সম্প্রদায়ের স্বাস্থ্যের উপর কোন পরিকাঠামোর বেশি সরাসরি প্রভাব নেই যেমন আমাদের জল ব্যবস্থার আছে। এই কারণেই আমি দ্বিপক্ষীয় পরিকাঠামো আইনে পরিষ্কার জলের পরিকাঠামোর জন্য তহবিল সরবরাহ করার জন্য লড়াই করেছি। এই বিনিয়োগগুলির মাধ্যমে, আমাদের রাজ্য বার্ধক্য কবলিত জলের ব্যবস্থার সমাধান করতে পারে এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ জলের অ্যাক্সেস নিশ্চিত করতে পারে। মিডলটাউন এবং আমাদের রাজ্য জুড়ে অন্যান্য সম্প্রদায়ের জন্য, যাদের তাদের জলের ব্যবস্থা প্রতিস্থাপন করতে এবং তাদের বাসিন্দাদের জন্য বিশুদ্ধ জল সরবরাহ করার জন্য অতিরিক্ত সহায়তার প্রয়োজন, তাদের জন্য এই তহবিলগুলি ঘোষণা করার জন্য গভর্নর হোকলের সাথে যোগ দিতে পেরে আমি রোমাঞ্চিত।"

প্রতিনিধি ক্যাথলিন রাইস বলেন, "লং আইল্যান্ডের জলের পরিকাঠামোকে শক্তিশালী করা এবং ক্ষতিকারক দূষকদের থেকে আমার ভোটদানকারীদের রক্ষা করা আমার কংগ্রেসে থাকাকালীন আমার শীর্ষ অগ্রাধিকারগুলির মধ্যে একটি ছিল। গার্ডেন সিটি গ্রামের জলের শোধনাগারে উদীয়মান দূষকদের শোধনের জন্য অত্যাধুনিক সরঞ্জাম ইনস্টল করার জন্য 3.6 মিলিয়ন ডলারেরও বেশি পাবে দেখে আমি উচ্ছাসিত। আমাদের স্বাস্থ্যকে অগ্রাধিকার দেওয়ার জন্য এবং আমাদের পানীয় জল রক্ষা করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

বোর্ডের অনুমোদনের মধ্যে রয়েছে ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Clean Water State Revolving Fund, CWSRF) এবং ড্রিংকিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Drinking Water State Revolving Fund, DWSRF) এর মাধ্যমে অর্থায়ন এবং ইতিমধ্যেই ঘোষিত ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার ইমপ্রুভমেন্ট অ্যাক্টের (Water Infrastructure Improvement Grants, WIIA) অনুদান। জলের অবকাঠামোর অর্থায়নের সুযোগগুলির ব্যাপারে আরো জানতে EFC-র ওয়েবসাইটে যান।

অনুমোদিত পরিষ্কার পানির প্রকল্পসমূহের অর্থায়ন:

- **ওনেইডা কাউন্টি** - স্বল্পমেয়াদে 15,000,000 ডলারের সুদ-মুক্ত অসচ্ছলতার অর্থায়ন, 12,392,233 ডলারের স্বল্পমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন এবং 12,392,232 ডলারের স্বল্পমেয়াদী, কাউন্টির জল দূষণ নিয়ন্ত্রণ প্ল্যানটের এবং সকোয়েট ক্রিক এবং বার্নস অ্যাভিনিউ পাম্প স্টেশনের পরিকল্পনা, নকশা এবং আপগ্রেড নির্মাণের জন্য বাজার-দরে অর্থায়ন।
- **গ্রিন কাউন্টির ক্যাটস্কিল শহর** - নবগঠিত লিডস এবং জেফারসন হাইটস স্যুয়ার ডিস্ট্রিক্টে পরিষেবা দেওয়ার জন্য একটি বর্জ্য জল সংগ্রহ এবং পরিবহন ব্যবস্থার পরিকল্পনা, নকশা এবং নির্মাণের জন্য এবং গ্রামের মালিকানাধীন বর্জ্য জল শোধনাগারে যান্ত্রিক স্ক্রীনিং ইনস্টল করার জন্য দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়নে 10,191,205 ডলার। একটি 3.15 মিলিয়ন ডলারের WIIA অনুদান পূর্বে এই প্রকল্পের জন্য অনুমোদিত ছিল।
- **এরি কাউন্টির ডিপিউ গ্রাম** - স্বল্পমেয়াদে, সুদ-মুক্ত অর্থায়নে 729,875 ডলার, স্বল্পমেয়াদে 1,729,875 ডলারের বাজার-দরে অর্থায়ন এবং একটি 453,250 ডলারের WIIA অনুদান, গ্রামের সংগ্রহ ব্যবস্থায় প্রবাহ এবং অনুপ্রবেশ কমাতে স্যানিটারি নিকাশী ব্যবস্থার উন্নতির জন্য।

- **টম্পকিন্স কাউন্টির ড্রাইডেন শহর** - হ্যামলেট অফ ভার্নার সংগ্রহ ব্যবস্থার উন্নতির জন্য স্বল্পমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়নে 3,063,000 ডলার।
- **সেন্ট লরেন্স কাউন্টির গভর্নুর গ্রাম** - 950,000 ডলারের স্বল্পমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন এবং 182,750 ডলারের CWSRF অনুদান ডোরউইন স্ট্রিট নিকাশী পর্যায় II এর জন্য।
- **সুলিভান কাউন্টির রকল্যান্ড শহর** - 264,990 ডলারের স্বল্পমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন এবং 41,260 ডলারের WIIA অনুদান রস্কো বর্জ্য জলের ট্রিটমেন্ট প্ল্যান্টের ক্লোরিন নির্বীজন ব্যবস্থার জন্য।
- **ওননডাগা কাউন্টির মার্সেলাস গ্রাম** - গ্রামের বর্জ্য জল শোধনাগারের আপগ্রেডের জন্য 4,347,276 ডলারের দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন।
- **অরেঞ্জ কাউন্টির মিডলটাউন শহর** - দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়নে 2,258,863 ডলার এবং পাম্প প্রতিস্থাপনের জন্য 359,284 ডলারের CWSRF অনুদান।

অনুমোদিত পান করার জলের প্রকল্পসমূহ:

- **নাসাউ কাউন্টির গার্ডেন সিটির গ্রাম** - 3,653,794 ডলারের ওয়াটার ট্রিটমেন্ট ফ্যাসিলিটিতে উদীয়মান দূষকদের শোধনের জন্য অ্যাডভান্সড অক্সিডেশন প্রসেস (Advanced Oxidation Processes, AOP) এবং গ্রানুলার অ্যাক্টিভেটেড কার্বন (Granular Activated Carbon, GAC) সরঞ্জাম ইনস্টল করার জন্য WIIA অনুদান।
- **ফ্র্যাঙ্কলিন কাউন্টির ম্যালোন শহর** - ওয়েস্ট সাইড ওয়াটার ডিস্ট্রিক্টে রুট 11 বরাবর জরুরী জলের প্রধান পাইপ প্রতিস্থাপনের কাজের জন্য স্বল্পমেয়াদী, বাজার-দরে অর্থায়নে 900,000 ডলার।
- **সাফোক কাউন্টির ডেরিং হারবার গ্রাম** - একটি নতুন 100,000-গ্যালন স্টোরেজ ট্যাঙ্ক নির্মাণের জন্য দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়নে 451,504 ডলারের এবং বিদ্যুৎ বিভ্রাটের সময় কূপগুলি পরিচালনা করার জন্য ব্যাক-আপ পাওয়ার সাপ্লাই ইনস্টল করা।

সবুজ পরিকাঠামো এবং প্রকৌশল পরিকল্পনা অনুদানের উদ্দেশ্যে আবেদনের জন্য কল করা

EFC-র সবুজ উদ্ভাবন অনুদান (Green Innovation Grant, GIGP) এবং ইঞ্জিনিয়ারিং প্ল্যানিং অনুদানের (Engineering Planning Grant, EPG) জন্য আবেদনের সময়কাল চালু আছে। গভর্নর ক্যাথি হোকল কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশনের (CFA) এর রাউন্ড 12 চালু করার মাধ্যমে উপলব্ধ তহবিল ঘোষণা করেছেন।

রাউন্ড 12-এর অংশ হিসাবে, EFC GIGP-এর জন্য 15 মিলিয়ন ডলার এবং EPG-এর জন্য 3 মিলিয়ন ডলার পর্যন্ত উপলব্ধতা ঘোষণা করেছে। আবেদনপত্র জমা দিতে হবে CFA ওয়েবসাইটের মাধ্যমে,শুক্রবার, 29 জুলাই বিকেল ৪টার মধ্যে।

সবুজ উদ্ভাবনের অনুদান সেই সব প্রকল্পগুলিকে প্রদান করা হয় যেগুলি জলের মান উন্নত করে এবং জলবায়ু পরিবর্তন প্রশমন করে সবুজ অনুশীলন, যেমন সবুজ ঝড়ের জলের পরিকাঠামো, শক্তির দক্ষতা ও জলের দক্ষতা পরিবেশগত উদ্ভাবনের মাধ্যমে।

প্রকৌশল পরিকল্পনা অনুদান যোগ্য সম্প্রদায়গুলিকে অতি গুরুত্বপূর্ণ পরিকল্পনা প্রক্রিয়া শুরু করার সহায়তা করে যাতে তারা তাদের নিকাশী পরিকাঠামো প্রকল্পসমূহ শেষ করার জন্য আর্থিক সহায়তা পাওয়ার জন্য আরো ভালোভাবে প্রস্তুত হতে পারে। জলের মান সংক্রান্ত সমস্যা ও সম্ভাব্য সমাধান সনাক্তকারী একটি প্রকৌশল প্রতিবেদন তৈরির জন্য 100,000 ডলার পর্যন্ত অনুদান উপলব্ধ আছে।

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক পরিষ্কার পানি অবকাঠামো প্রকল্পসমূহে বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে। এপ্রিল মাসে গভর্নর হোকল ঘোষণা করেছিলেন যে রাজ্যব্যাপী সম্প্রদায়গুলিতে পরিষ্কার জলের পরিকাঠামো প্রকল্পের অর্থায়নের জন্য ওয়াটার ইম্পরুভমেন্ট অ্যান্ড ইন্টারমিউনিসিপাল গ্রান্ট প্রোগ্রামের মাধ্যমে 638 মিলিয়ন ডলার উপলব্ধ থাকবে।

গভর্নর হোকলের নেতৃত্বে, প্রণীত বাজেটটি ল্যান্ডমার্ক পরিষ্কার জল, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড অ্যাক্টের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) জন্য মোট 4.2 বিলিয়ন ডলারের জন্য অতিরিক্ত 1.2 বিলিয়ন ডলারের অনুমোদন প্রদান করে। এই বছরের শেষের দিকে ভোটারদের দ্বারা গৃহীত এই ঐতিহাসিক উদ্যোগটি, জলের পুরাতন পরিকাঠামো আপডেট করবে এবং জলের গুণমান রক্ষা করবে; বায়ুর দূষণ হ্রাস করবে এবং জলবায়ু-পরিবর্তনকারী নির্গমন হ্রাস করবে; বাসস্থান পুনরুদ্ধার করবে; তীব্র ঝড় এবং বন্যা সহ্য করার জন্য সম্প্রদায়ের ক্ষমতাকে শক্তিশালী করবে; বহিরঙ্গনের স্থান এবং স্থানীয় খামার সংরক্ষণ করবে; এবং অনগ্রসর সম্প্রদায়ের সম্পদে, 40 শতাংশের লক্ষ্য সহ অন্তত 35 শতাংশ বিনিয়োগ করবে।

পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু, এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড অ্যাক্ট ছাড়াও, বাজেটে রেকর্ড পরিমাণ 400 মিলিয়ন মার্কিন ডলারের এনভায়রনমেন্টাল প্রোটেকশন তহবিল (Environmental Protection Fund, EPF) রয়েছে, যা জলবায়ু পরিবর্তন প্রশমন এবং অভিযোজন প্রচেষ্টা সমর্থন করবে, স্থায়ী কৃষির প্রচারে কৃষি সংস্থান উন্নয়ন করবে, আমাদের জলের উৎসসমূহকে রক্ষা করবে, সংরক্ষণ প্রচেষ্টা অগ্রসর করবে, এবং নিউ ইয়র্কবাসীদের বিনোদনের সুযোগ প্রদান করবে। এছাড়াও বাজেটে পরিষ্কার পানির অবকাঠামো অর্থায়নের জন্য আরো 500 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত আছে, যা 2017 সাল থেকে স্টেটের পরিষ্কার পানিতে বিনিয়োগ মোট 4.5 বিলিয়ন মার্কিন ডলার করবে।

স্থানীয় সরকারগুলোকে ক্লিন ওয়াটারশেডস নিডস (Clean Watersheds Needs) জরিপে অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করা হচ্ছে

EFC মিউনিসিপ্যালিটিগুলিকে এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency, EPA) পরিষ্কার ওয়াটারশেড চাহিদা জরিপে (Clean Watersheds Needs Survey) অংশগ্রহণ করতে তাগিদ দিচ্ছে যা EFC 1 মার্চ নিউ ইয়র্কে শুরু করেছে। অংশগ্রহণ

অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এটি ভবিষ্যতে বিশুদ্ধ জলের পরিকাঠামোর প্রকল্পগুলিতে অর্থায়নের জন্য নিউ ইয়র্ক স্টেটকে কত ফেডারেল CWSRF তহবিল বরাদ্দ করা হবে তা প্রভাবিত করতে পারে। মিউনিসিপ্যালিটিগুলিকে EPA-তে জমাদানের জন্য তাদের সম্প্রদায়ের বর্জ্য পানি অবকাঠামোর চাহিদা নথিভুক্ত করতে বলা হয়েছে। নথি জমাদানের জন্য এবং জমাদানে সহায়তার সংস্থানের জন্য https://efc.ny.gov/needs এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন